# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২২১. নামাযরত অবস্থায় নিজ কাপড় কিংবা চুল একত্রিত করা ও বাঁধা

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

أُمِرْتُ أَنْ أَسْجُدَ عَلَى سَبْعَةِ أَعْظُمٍ : الْجَبْهَةِ – وَأَشَارَ بِيَدِهِ عَلَى أَنْفِهِ – وَالْيَدَيْنِ وَالرِّجْلَيْنِ وَأَطْرَافِ الْقَدَمَيْنِ ، وَلاَ نَكْفِتَ الثِّيَابَ وَلاَ الشَّعْرَ

“আমাকে আদেশ করা হয়েছে সাতটি হাড়ের উপর সিজ্দাহ্ করতে। কপাল (রাসূল (সা.) নিজ হাত দিয়ে নাকের দিকে ইশারা করেছেন) দু’ হাত, দু’ পা তথা হাঁটু এবং দু’ পায়ের আঙ্গুলাগ্র। আর যেন আমরা (নামাযরত অবস্থায়) নিজ কাপড় ও চুল একত্রিত না করি এবং না বাঁধি”।[1]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ৪৯০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11471

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন